বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
www.ecs.gov.bd

নং - ১৭.১১.০০০০.০০০.১৯.০০১.২৫-১৩৬ তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে আউটসোর্সিং সেবাক্রয় কার্যক্রমের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর-এর আউটসোর্সিং সেবাক্রয় কার্যক্রম সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রোজ সোমবার নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব ওয়েব সাইট (www.ecs.gov.bd) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিনীত অনুরোধ করা হলো।

০৫।০২।২০২৫
(মোঃ আলাউদ্দীন)
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
পরিচিতি নম্বরঃ ১০৭০৪০০৯
ফোন নং-০২৪৭৮৮০৪২২৬
reofaridpur@gmail.com

সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

দৃ:আ: সহকারী প্রোগ্রামার, উপাত্ত প্রশাসন (নিকস), ঢাকা।

নং - ১৭.১১.০০০০.০০০.১৯.০০১.২৫-১৩৬ তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ............ (সকল), ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাচন অফিসার, ............ (সকল), ঢাকা অঞ্চল।

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।

বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.১১.০০০০.০০০.১৯.০০১.২৫-১২৭

তারিখঃ- ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

**আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের (প্রতিষ্ঠান নিয়োগের) উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি**

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর এর আওতাধীন জেলা ও উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে নিম্নবর্ণিত পদে মাসিক সেবামূল্য (জনপ্রতি) আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকরণের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | বাংলাদেশ নির্বাচন কমিশন |
| ২ | এজেন্সি/প্রতিষ্ঠান | ঃ | নির্বাচন কমিশন সচিবালয় |
| ৩ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর |
| ৪ | দরপত্র আহবানকারীর জেলা | ঃ | ফরিদপুর। |
| ৫ | ইনভাইটেশন রেফারেন্স ও তারিখ | ঃ | ১৭.১১.০০০০.০০০.১৯.০০১.২৫-১২৭, তারিখঃ ০৪-০২-২০২৫ খ্রিঃ |
| ৬ | কি-ইনফরমেশন (দরদাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা ও জনবল সরবরাহের অভিজ্ঞতা) | ঃ | আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদপত্র, আয়কর প্রদান সনদপত্র, ব্যাংক সলভেন্সি সনদপত্রসহ সরকারি/আধা-সরকারি/রাষ্ট্রায়ত্ত/বিদেশী মিশন/বেসরকারি প্রতিষ্ঠান জনবল সরবরাহের অভিজ্ঞতার স্বপক্ষে প্রত্যয়নপত্র, সন্তোষজনক ব্যবস্থাপনা যোগ্যতা এবং লজিস্টিক সামর্থ্য থাকতে হবে। এছাড়া অন্যান্য শর্তাবলিসহ বিস্তারিত সিডিউলে উল্লেখ করা হয়েছে। |
| ৭ | দরপত্র সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত পদ্ধতি (OTM) |
| ৮ | বাজেট ও অর্থের উৎস | ঃ | রাজস্ব বাজেট (GoB) |
| ৯ | দরপত্র প্যাকেজ নম্বর | ঃ | REO/FARID-01/2025 |
| ১০ | সরবরাহের নাম (কাজের নাম) | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর এর আওতাধীন জেলা ও উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে আউটসোর্সিং নীতিমালা ২০১৮ অনুযায়ী ৩০ জন পরিচ্ছন্নতাকর্মী, ৩০ জন নিরাপত্তা প্রহরী এবং ০৪ জন গাড়ীচালক সরবরাহকরণ। |
| ১১ | দরপত্র প্রকাশের তারিখ | ঃ | ১০-০২-২০২৫ খ্রিঃ |
| ১২ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ২৪-০২-২০২৫ খ্রিঃ সময়ঃ বেলা- ১১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৩ | দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ২৪-০২-২০২৫ খ্রিঃ সময়ঃ বেলা- ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৪ | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর। তারিখ: ২৪-০২-২০২৫ খ্রিঃ, দুপুর- ০১.০০ ঘটিকার সময় উন্মুক্ত কমিটির (TOC) উপস্থিতিতে দরপত্র খোলা হবে। আগ্রহী অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান/অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি ইচ্ছা করলে দরপত্র খোলাকালীন উপস্থিত থাকতে পারবে। |
| ১৫ | দরপত্র বিক্রয়ের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর। |
| ১৬ | দরপত্র গ্রহণের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর। |
| ১৭ | সিডিউল মূল্য ও সংগ্রহ পদ্ধতি | ঃ | টাকা ২০০০/- (দুই হাজার) মাত্র (অফেরৎযোগ্য) মানি রিসিপ্ট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে ক্রয় করতে হবে। উক্ত মানি রিসিপ্ট এর মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১৮ | দরপত্র জামানতের পরিমাণ | ঃ | টাকা ১,১৬,০০০/- (এক লক্ষ ষোল হাজার) মাত্র। বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১৯ | দরপত্র আহবানকারীর পদবি | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর। |
| ২০ | দরপত্র আহবানকারীর ঠিকানা ও ফোন | ঃ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর। ফোনঃ ০২৪৭৮৮-০৪২২৬ |
| ২২ | অন্যান্য শর্তাবলি | ঃ | |
| | (ক) দরপত্র ডকুমেন্টের সকল ধারা বিবেচনায় এনে শর্তাদি পালনপূর্বক দরপত্র দাখিল করতে হবে। (খ) দাখিলকৃত দর অংকে ও কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। (গ) অফিস চলাকালীন দরপত্র সংগ্রহ করা যাবে। দাখিলকৃত দরপত্রের সাথে (১) ভ্যাট রেজিস্ট্রেশন, (২) হালনাগাদ আয়কর ও ট্রেড লাইসেন্স, (৩) মালিক ব্যতীত প্রতিনিধির মাধ্যমে দরপত্র দলিলাদি ক্রয়ের ক্ষেত্রে নমুনা স্বাক্ষরসহ অথরাইজেশন কপি ইত্যাদি জমা দিতে হবে, (৪) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত আউটসোসিং নীতিমালা অনুযায়ী জনবল সরবরাহের লাইসেন্স।, (৫) এই দরপত্র "The Public Procurement Act-2006" ও "The Public Procurement Regulation-2008" এবং আউটসোর্সিং নীতিমালা-২০১৮ অনুযায়ী পরিচালিত হবে। (ঘ) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক অথবা কতৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে। (ঙ) অভিজ্ঞতা সনদপত্রসহ চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র ন্যূনতম ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবি সম্বলিত সিলমোহরযুক্ত) কর্তৃক সত্যায়িত কপি সংযোজন করতে হবে। (চ) দরদাতার আউটসোসিং পদ্ধতিতে যে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ বছরের জনবল সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে। (ছ) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে, কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না। দরপত্র ডকুমেন্ট এর চাহিদা অনুযায়ী শীটের সকল তথ্যাবলি পূরণ করতে হবে এবং যোগাযোগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইল, মোবাইল নম্বর ও টেলিফোন নম্বর ডকুমেন্টের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে। (জ) দরপত্রের সাথে ১০ (দশ) লক্ষ টাকার শর্তহীন "Letter of Commitment for Bank's Undertaking for Line of Credit (Form PSN-5) (লিকুইড এ্যাসেট) দাখিল করতে হবে। (ঝ) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র পূর্ণ/আংশিক গ্রহণ বা বতিল করার ক্ষমতা আইনগতভাবে সংরক্ষণ করেন। | | |
| ২১ | চুক্তিপত্র সম্পাদন | ঃ | সফল দরপত্রদাতাকে গৃহিত দর কার্যাদেশকৃত মূল্যের বিপরীতে ১০% পারফরম্যান্স সিকিউরিটি/ব্যাংক ড্রাফট, কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর বরাবরে জমা দিতে হবে। |

০৪/০২/২০২৫
(মোঃ আলাউদ্দীন)
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।